গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আদর্শ সদর, কুমিল্লা

স্মারক নং-০৫.৪২.১৯৬৭.০০০.৩৪.০০২.২০.

তারিখ: মাঘ ১৪২৭ / ফেব্রুয়ারি ২০২১

-:হাট-বাজার ইজারা প্রদান দরপত্র বিজ্ঞপ্তি:-

এতদ্বারা সর্বসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ১৪২৮ বঙ্গাব্দের জন্য আদর্শ সদর উপজেলার নিম্ন তফসিল বর্ণিত হাট-বাজারসমূহ অস্থায়ী ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে নির্ধারিত ফরমে ইচ্ছুক দরদাতাদের নিকট হতে নিম্নলিখিত সময়সূচি ও শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০২। ইজারা গ্রহণে আগ্রহী/ইচ্ছুক ব্যক্তিগণ নিম্নলিখিত স্থান/কার্যালয় হতে নিম্নলিখিত সময়সূচি মোতাবেক দরপত্রের সিডিউল ক্রয় (অফেরতযোগ্য) ও দরপত্র দাখিল করতে পারবেন।

-:দরপত্রের সিডিউল ক্রয়ের স্থান:-

ক) জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা।
খ)। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আদর্শ সদর, কুমিল্লা।
গ) সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়, আদর্শ সদর, কুমিল্লা।
ঘ) অফিসার ইনচার্জ এর কার্যালয়, কোতয়ালী মডেল থানা, কুমিল্লা।
ঙ) ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কর্পোরেট শাখা, কুমিল্লা।

-: দরপত্র দাখিলের স্থান:-

ক) জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা।
খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আদর্শ সদর, কুমিল্লা।
গ) সহকারী কমিশনার (ভূমি)-এর কার্যালয়, আদর্শ সদর, কুমিল্লা।

-:সময়সূচি:-

| পর্যায় | সিডিউল বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার সময় |
|---|---|---|---|
| ১ম | ২৩.০২.২০২১খ্রি: হতে ১০.০৩.২০২১খ্রি: পর্যন্ত সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত | ১১.০৩.২০২১খ্রি: সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত | দরপত্র দাখিলের দিনই বিকাল ০৩.০০ ঘটিকার সময় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা ও বাছাই করা হবে। |
| ২য় | ১৬.০৩.২০২১খ্রি: হতে ২৮.০৩.২০২১খ্রি: পর্যন্ত সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত | ৩০.০৩.২০২১খ্রি: সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত | |
| ৩য় | ৩১.০৩.২০২১খ্রি: হতে ০৭.০৪.২০২১খ্রি: পর্যন্ত সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত | ০৮.০৪.২০২১খ্রি: সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত | |

উপরে উল্লিখিত প্রতি পর্যায়ের পর দরপত্র যাচাই বাছাই কার্যক্রম সম্পন্ন করে হাট-বাজার ইজারা প্রদান করা হবে। প্রতি পর্যায়ের শেষে যে সকল হাট-বাজার ইজারা প্রদান করা সম্ভব হবে না (নিম্নস্বাক্ষরকারীর অফিস ও নোটিশ বোর্ডের মাধ্যমে জানা যাবে) সে সকল হাট-বাজার ইজারার ক্ষেত্রে পরবর্তী পর্যায়ে দরপত্র গ্রহণ করা হবে। এ ব্যাপারে বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

০৩। কুমিল্লা জেলার আদর্শ সদর উপজেলার তফসিলভুক্ত হাট-বাজারসমূহের দরপত্রের মূল্য ও কাঙ্খিত মূল্যের তালিকা নিম্নরূপ:

| ক্র:নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | দরপত্রের মূল্য | কাঙ্খিত মূল্য |
|---|---|---|---|---|
| ১ | কালীর বাজার | কালিরবাজার | ২,০০০/- | ৬,৪০,৩৮২ |
| ২ | ধনুয়াখলা বাজার | কালির বাজার | ৫০০/- | ১০,২৮৬ |
| ৩ | কমলাপুর বাজার | কালির বাজার | ৫০০/- | ৪১,৩৭৬ |
| ৪ | বানাসুয়া বাজার | আমড়াতলী | ৫০০/- | ২৫,২০২ |
| ৫ | ভুবনঘর বাজার | আমড়াতলী | ১,২০০/- | ২,৫৯,৮৯৭ |
| ৬ | রসুলপুর বাজার | আমাড়াতলী | ৫০০/- | ৫৫,০১৪ |
| ৭ | তেলকুপি বাজার | আমড়াতলী | ৫০০/- | ৪৬,৩৭০ |
| ৮ | আমড়াতলী বাজার | আমড়াতলী | ৫০০/- | ৭১,২৮২ |
| ৯ | জনতা বাজার (মাঝিগাছা) | আমড়াতলী | ৫০০/- | ৭৭,৮৪৯ |
| ১০ | নন্দির বাজার | পাঁচথুবী | ৫০০/- | ১০,৬৩৬ |
| ১১ | শিবের বাজার | পাঁচথুবী | ১,০০০/- | ১,২৭,৫১৯ |
| ১২ | সুবর্ণপুর বাজার | পাঁচথুবী | ৫০০/- | ১৩,৮৭৬ |
| ১৩ | বালুতুপা বাজার | জগন্নাথপুর | ৫০০/- | ৬৩,২৯৯ |
| ১৪ | বৌয়ারা বাজার | জগন্নাথপুর | ৫০০/- | ২৭,৩১৫ |
| ১৫ | বিবির বাজার | জগন্নাথপুর | ৫০০/- | ১৫,৬৭৯ |

১৪২৮ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলীঃ

১। বাংলা ১৪২৮ সনের ১লা বৈশাখ হতে ১৪২৮ সনের ৩০শে চৈত্র ০১(এক) বছরের মেয়াদকালীন সময়ের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, আদর্শ সদর, কুমিল্লা এর অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য

Scanned with CamScanner

হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ০৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে অন্য ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাদাতা বরাবর প্রত্যার্পণ কর হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবেনা। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট পদর্শনের ব্যবস্থা করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথকপৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না।

১০। ইজারার সমুদয় অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/-(দুই শত পঞ্চাশ) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১১/২/২০২১

জাকিয়া আফরিন
উপজেলা নির্বাহী অফিসার
আদর্শ সদর, কুমিল্লা।

স্মারক নং-০৫.৪২.১৯৬৭.০০০.৩৪.০০২.২০- ১২৬(৭০)

তারিখ: ২৮ মাঘ ১৪২৭
১১ ফেব্রুয়ারি ২০২১

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০২। পুলিশ সুপার, কুমিল্লা।
০৩। সিভিল সার্জান, কুমিল্লা।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, কুমিল্লা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৬। সহকারী কমিশনার, স্থানীয় সরকার, জেলাপ্রশাসকের কার্যালয়, কুমিল্লা।
০৭। জেলা...................... অফিসার, কুমিল্লা।
০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদর্শ সদর, কুমিল্লা।
০৯। সহকারী কমিশনার (ভূমি), আদর্শ সদর, কুমিল্লা।
১০। অফিসার ইনচার্জ, কোতয়ালী মডেল থানা, কুমিল্লা। সংশ্লিষ্ট তারিখ ও সময়সূচি অনুযায়ি দরপত্র দাখিল, খোলা ও বাছাইকালে নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের জন্য অনুরোধ করা হলো।
১১। উপজেলা............... অফিসার, আদর্শ সদর, কুমিল্লা।
১২। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কর্পোরেট শাখা, কুমিল্লা।
১৩। চেয়ারম্যান ...................... ইউনিয়ন পরিষদ, আদর্শ সদর, কুমিল্লা। বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.................... ইউনিয়ন ভূমি অফিস, আদর্শ সদর, কুমিল্লা। বিজ্ঞপ্তিটি স্থানীয়ভাবে এলাকায় মাইক, ঢোল-সহরতের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৫। সভাপতি/সম্পাদক/ইজারাদার ...................হাট-বাজার, আদর্শ সদর, কুমিল্লা।
১৬। জনাব ...................................... আদর্শ সদর, কুমিল্লা।
১৭। বিজ্ঞাপন ম্যানেজার...................... পত্রিকা, কুমিল্লা। বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায়............ স্বল্প পরিসরে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৮। অফিস কপি/নোটিশ বোর্ড।

১১/২/২০২১

জাকিয়া আফরিন
উপজেলা নির্বাহী অফিসার
আদর্শ সদর, কুমিল্লা।

Scanned with CamScanner